

৬

প্রথম পর্যায়

প্রবহমান বাংলাচর্চা

বসিরহাট কলেজের বাংলা বিভাগ ও আইকিউএসি এবং
প্রবহমান বাংলাচর্চার যৌথ উদ্যোগে আয়োজিত
একদিবসীয় আনুষ্ঠানিক আলোচনাচক্রে উপস্থাপিত পূর্ণাঙ্গ প্রবন্ধ সংকলন



PRABAHAMAN BANGLACHARCHA 6 (First Phase)

A Collection of Peer-Reviewed Research Articles
presented in the Seventh International Seminar at
Basirhat College, North 24 Parganas.

First Imprint : 24th December, 2022

ISBN : 978-93-5777-181-8

© PRABAHAMAN BANGLACHARCHA

Rs. 750/-

Published by 'Prabahaman Banglacharcha'

Beharapara, Baruipur, Kolkatta - 700144

Website : kolpbc@blogspot.com

E-Mail : kolpbc@gmail.com

প্রবহমান বাংলাচর্চা ৬

(প্রথম পর্যায়)

নির্বাচিত গবেষণাধর্মী প্রবন্ধ সংকলন

বসিরহাট কলেজ, উত্তর ২৪ পরগনা-তে আয়োজিত

'প্রবহমান বাংলাচর্চা'র সপ্তম আন্তর্জাতিক আলোচনাচক্রে উপস্থাপিত

বিশেষজ্ঞ শংসায়িত নিবন্ধাবলি

প্রথম প্রকাশ : ২৪ ডিসেম্বর, ২০২২

গ্রন্থস্বত্ব : প্রবহমান বাংলাচর্চা

মুদ্রণ : আলফাবিটা ইম্প্রেশন

মহেশতলা, কল - ১৪২

মূল্য : ৭৫০ টাকা মাত্র

- রবীন্দ্রনাথের 'সে' : একটি স্বতন্ত্র পাঠ ও পর্যালোচনা
দেবদাস গায়েন ৩৪৯
- বাউল দর্শন : রবীন্দ্র মানসে ও রবীন্দ্র সাহিত্যে প্রতিফলন
দোয়েল দে ৩৬২
- রবীন্দ্রনাথের জীবন ও সাহিত্যে নলিনী : আমরা তড়ধরকর
দোলা রায় ৩৭২
- রবীন্দ্র কাব্যসাহিত্যে প্রতিবাদী চেতনার স্ক্রুণ
সংহিতা ব্যানার্জী ৩৭৯
- শ্যামলীর 'আমি' : সস্তার সমগ্রতা
সুতীর্থা সরকার ৩৮৫

উপন্যাস

- নারীমুক্তির প্রেক্ষিতে অন্য এক মা : আশাপূর্ণার সত্যবতী
অভিজিৎ শীট ৩৯৬
- সায়ন্তনী পূততুগুর 'নন্দিনী' :
সামাজিক প্রতিকূলতার বিরুদ্ধে নারীর প্রতিবাদ
আকাশলীনা ঢোল ৪০৪
- হাসান আজিজুল হকের উপন্যাস 'আগুনপাখি' : নারীর দৃষ্টিতে দেশভাগ
আলোকপর্ণা সাহা ৪১২
- অন্ত্যজ জীবনের রূপকার অনিল ঘড়াই
আব্দুস সামাদ ৪২০
- বাখতিনের দ্বিবাচনিকতা ও 'চিলেকোঠার সেপাই' উপন্যাস
উর্বি মুখোপাধ্যায় ৪২৯
- অভিজিৎ চৌধুরীর 'সমাগত মধুমা' :
কবি মদনমোহন তর্কালঙ্কারের জীবনী উপন্যাস
গায়ত্রী আচার্য ৪৩৮
- উনিশ শতকীয় বিদ্রোহের আলোচ্য নির্মাণে মহাশ্বেতা দেবীর আখ্যান
গোপাল ঘোষ ৪৪৫
- বিমল করের উপন্যাসে নারীর জীবন সংগ্রাম
গোবিন্দ সামন্ত ৪৫৫
- অভিজিৎ সেনের 'রহ চণ্ডালের হাড়' : দিনাজপুরের বাজিকর জীবনকথা
জয়ন্তী দেউরী ৪৬২

বাখতিনের দ্বিবাচনিকতা ও 'চিলেকোঠার সেপাই' উপন্যাস

উবী মুখোপাধ্যায়

নন্দনতত্ত্বের দুনিয়ার আপামর সাহিত্য গবেষকদের বারংবার ভাবিয়ে তুলেছে রুশ তাত্ত্বিক মিখাইল মিখাইলোভিচ বাখতিন-এর উপন্যাসচিন্তা। তাঁর গবেষণা দস্তয়ভস্কির উপন্যাসকে কেন্দ্র করে গড়ে উঠলেও তা ক্রমেই উপন্যাস বিশ্লেষণের সাধারণীকৃত ভাবনায় পৌঁছে গেছে। বিংশ শতাব্দীর তৃতীয় দশক থেকে লেখা শুরু করলেও, তাঁর রচনার সঙ্গে বিশ্ববাসীর পরিচয় ঘটে শতাব্দীর শেষার্ধ্বে এসে। কারণ তাঁর 'প্রবলেমস্ অফ দস্তয়ভস্কিস নভেল', 'রযাবলা এন্ড হিস ওয়ার্ল্ড', 'ডায়ালজিক ইম্যাজিনেশন' গ্রন্থগুলি সাহিত্য সমালোচকদের নজরে আসে অনেক পরে। বিশ শতকের প্রথমার্ধ থেকেই বাখতিন নন্দনতত্ত্বের আলোচনায় নিজেকে নিমজ্জিত রেখেছিলেন। সত্তরের দশকে তাঁর লেখাপত্রের সঙ্গে সাধারণের পরিচয় ঘটে। এই বিষয়ে যিনি অগ্রণী ভূমিকা নেন তিনি হলেন জুলিয়া ক্রিস্তেভা ও মাইকেল হলোকুইস্ট। এদের হাত ধরেই বাখতিন খাতির শীর্ষে উন্নীত হন। নানাভাবে নানাদিক থেকে বাখতিনকে পড়া হতে থাকে—

“আগেই লক্ষ করা গেছে যে ভাব-ইতিহাসে (history of idea) বাখতিনের কোনো সমস্যা নেই, কিন্তু আখ্যানতত্ত্বের প্রাতিষ্ঠানিক ইতিহাসের ব্যাপারে এতটা জোড় দিয়ে কিছু বলা যাচ্ছে না। প্রাতিষ্ঠানিকভাবে বাখতিন হলেন একরকম যাযাবর, ভ্রাম্যমাণ ইহুদী - অস্থিরভাবে বৌদ্ধিকজগতে ইতস্তত হেঁটে বেড়ান, কিন্তু সেভাবে কোথাও স্থির হয়ে গেড়ে বসেন না। সময়ের হিসেবে তিনি রুশ অবয়ববাদীদের সমসাময়িক (এবং তাঁদের সমালোচকও) অথচ অবয়ববাদের ইতিহাসে তাঁর প্রসঙ্গ সেভাবে আসে না...। পরিবর্তে, সহযাত্রী হিসেবে তাঁর প্রসঙ্গ এসে যায় একাধিক প্রেক্ষিতগত আখ্যানতত্ত্বে (contextual narratologies)...” (লাহিড়ী, ২০১১ : ৫২)

আখ্যানতত্ত্বের আলোচনায় স্পষ্টভাবে বাখতিনকে স্থান দেওয়া হয়নি। আখ্যানতাত্ত্বিক মনিকা ফ্লাদারনিক কিংবা ডেভিড হারম্যান এঁরা প্রত্যেকেই আখ্যানতত্ত্বের ইতিহাস লিখতে গিয়ে বাখতিনকে এড়িয়ে গেছেন। অথচ আখ্যানতত্ত্বের আদিপর্ব এবং উত্তরপর্বে বাখতিন পাঠ অনস্বীকার্য। বাখতিন সৃষ্ট